

২২ এপ্রিল ২০১৪

সূত্র: আরপিসিএ পিআর/২০১৪/১/২২.০৪.২০১৪

প্রেস রিলিজ

রানা প্লাজা কোঅর্ডিনেশন কমিটি কর্তৃক রানা প্লাজা ভবন ধসে ক্ষতিগ্রস্ত প্রত্যেককে ৫০,০০০ টাকা পরিশোধ

রানা প্লাজা কোঅর্ডিনেশন কমিটি আজ প্রায় ১৪,২০,০০,০০০ (চৌদ্দ কোটি বিশ লক্ষ) টাকা যোগ্য দাবীদারদেরকে বিকাশের মাধ্যমে পরিশোধের জন্য সংগ্রহ করেছে। আহত শ্রমিক, নিহত ও নিখোঁজ শ্রমিকদের উপর নির্ভরশীল ব্যক্তি এবং আহত হয়নি এমন শ্রমিকদেরও এই অর্থ পরিশোধ করা হচ্ছে।

কোঅর্ডিনেশন কমিটি রানা প্লাজা ভবন ধসে ক্ষতিগ্রস্ত প্রত্যেকের জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা করে পরিশোধ করার অনুমোদন দিয়েছে। তবে নিউ ওয়েভ বটম কারখানার শ্রমিকদের ক্ষেত্রে এটি প্রযোজ্য হবেনা, কেননা কোঅর্ডিনেশন কমিটির সাথে চুক্তির ভিত্তিতে ইতোমধ্যে প্রাইমার্ক উক্ত কারখানার শ্রমিকদের অর্থ পরিশোধ করেছে।

২৪ এপ্রিল ২০১৩ ভবন ধসের সময় রানা প্লাজায় অবস্থানরত শ্রমিক যারা আহত হয়নি এমন শ্রমিকদেরও অর্থ পরিশোধ করা হচ্ছে। এটা উল্লেখ করা গুরুত্বপূর্ণ যে, আগামীকাল যে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ করা হচ্ছে তা আহত শ্রমিক এবং মৃত ও নিখোঁজ শ্রমিকদের ওপর নির্ভরশীলদের জন্য অগ্রীম হিসেবে বিবেচিত হবে এবং তা তাদের পাওনা পরিশোধের আগে মোট প্রাপ্যের সাথে সমন্বয় করা হবে। অন্যদিকে, আহত হন নি এমন শ্রমিকদের ক্ষেত্রে এই ৫০ হাজার টাকা ইতিপূর্বে অন্যান্য শ্রমিকদের সাথে তাদের প্রাপ্ত নয় মাসের বেতনের সাথে একমাত্র ক্ষতিপূরণ হিসেবে বিবেচিত হবে।

নিউ ওয়েভ বটম এর শ্রমিক, যারা বিকাশের মাধ্যমে আলাদাভাবে টাকা পেয়েছে, তারা ছাড়া আর অন্যান্য আর সব শ্রমিকদের ক্ষেত্রে ৫০ হাজার টাকা করে পরিশোধ করা হচ্ছে, তার পরও আরও শ্রমিক রয়েছেন যাদের ক্ষেত্রে পর্যাপ্ত তথ্য না থাকার কারণে তাৎক্ষণিকভাবে পাওনা পরিশোধ করা সম্ভব হচ্ছে না। কোন উপযুক্ত দাবীদার, যিনি এখনও পর্যন্ত ৫০ হাজার টাকা পান নি, তিনি দাবী পরিশোধ সংক্রান্ত প্রশাসন শাখায় (টেলিফোন নম্বর ০১৭৩৩৩৬০২৫ এবং ০১৭৩৩৩৬০২২) যোগাযোগ করে পাওনা টাকা বুঝে নিতে পারেন।

২৪ এপ্রিল রানা প্লাজা ভবন ধসের বর্ষপূর্তির আগেই কো-অর্ডিনেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এ পর্যায়ে সকল ক্ষতিগ্রস্তের জন্য ন্যায্যসঙ্গত অর্থ পরিশোধ করা হচ্ছে। ইতিমধ্যে সাভারে অবস্থিত দাবী পরিশোধ সংক্রান্ত কার্যালয়ে দাবীর দরখাস্ত গ্রহণ করা হচ্ছে এবং যাচাই বাছাই সাপেক্ষে ভবিষ্যতে দাবীদারদের সম্পূর্ণ পাওনা পরিশোধ করা হবে।

জেনেভায় স্থাপিত রানা প্লাজা ট্রাস্ট ফান্ড, আইএলও যেখানে ট্রাস্টি, তার আওতায় এবং এই ফান্ডে গ্লোবাল ব্র্যান্ডস ও অন্যান্যদের অনুদান থেকে এই অর্থ পরিশোধ করা হচ্ছে। ট্রাস্ট ফান্ডে এ পর্যন্ত প্রায় ১৫ মিলিয়ন মার্কিন ডলার জমা হয়েছে এবং সকল শ্রমিককে ক্ষতিপূরণ প্রদানে প্রায় ৪০ মিলিয়ন মার্কিন ডলার প্রয়োজন হবে।

রানা প্লাজা দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত, তাদের পরিবার এবং নির্ভরশীলদের ক্ষতিপূরণ প্রদানের জন্য এই মাল্টি স্টেকহোল্ডার রানা প্লাজা কোঅর্ডিনেশন কমিটি গঠিত হয়েছে, যেখানে সরকার, শ্রমিক ইউনিয়ন, কারখানা, মালিকদের সংগঠন, সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক এনজিও এবং বিভিন্ন গ্লোবাল ব্র্যান্ডস।

রানা প্লাজা কোঅর্ডিনেশন কমিটির উদ্যোগে এবং সদস্যপদ সংক্রান্ত বিষয়ে তথ্য পাওয়া যাবে নিম্নোক্ত ঠিকানায়
<http://www.ranaplaza-arrangement.org>